

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৯০০.১৬.৩৬৯.১৭-১৯৫


তারিখ : ৩০ পৌষ ১৪২৬
১৪ জানুয়ারী ২০১৯

বিষয় : বিদ্যালয় পর্যায়ে সরবরাহকৃত আইসিটি পণ্যের (ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর এবং সাউন্ড সিস্টেম) তথ্যসহ ই-প্রাইমারি স্কুল সিস্টেমের সকল তথ্য হালফিল সম্পর্কিত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিভিন্ন সময়ে ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ও সাউন্ড সিস্টেম সরবরাহ করা হয়েছে। সরবরাহকৃত ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর অথবা সাউন্ড সিস্টেমগুলি অচলাবস্থার কারণে মাল্টিমিডিয়া ক্লাসরুম বন্ধ থাকলেও কোন ধরনের এবং কি পরিমাণ আইসিটি পণ্য অচলাবস্থায় আছে তা সঠিকভাবে নিরূপণ করা সম্ভব হচ্ছে না।

২। বর্ণিত অবস্থায়, উপজেলা শিক্ষা অফিসারগণ প্রতি মাসে উপজেলা মাসিক সমন্বয় সভায় ই-প্রাইমারি স্কুল সিস্টেম সফটওয়্যার হালনাগাদ করণের বিষয়টি এজেণ্ডাভুক্ত করবেন। সেই সাথে স্ব স্ব বিদ্যালয় ই-প্রাইমারি স্কুল সিস্টেম এর 'বিদ্যালয়ের ভৌত তথ্য' মেন্যুর 'আইসিটি পণ্যের তথ্য' সাবমেন্যুতে প্রবেশ করে অধিক গুরুত্ব সহকারে অবশ্যই আইসিটি পণ্যের তথ্য (ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর, সাউন্ড সিস্টেম, প্রিন্টার ও মডেম) আগামী ২২ জানুয়ারী ২০২০ তারিখের মধ্যে হালফিল করবেন। উল্লেখ্য, প্রতি মাসের শেষ কার্যদিবসের মধ্যে স্ব স্ব বিদ্যালয়ের সকল তথ্য হালফিল আছে মর্মে গণ্য করে সে অনুযায়ী ই-প্রাইমারি স্কুল সিস্টেম হতে তথ্য সংগ্রহ করে শিক্ষক প্রশিক্ষণ, ভৌত অবকাঠামো নির্মাণ এবং আইসিটি পণ্য সরবরাহ/রক্ষণাবেক্ষণ ইত্যাদি পরিকল্পনা গ্রহণ করা হবে।

৩। বিষয়টি অতীব জরুরী।


মোঃ বদিয়ার রহমান
পরিচালক (যুগ্মসচিব)
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)

বিতরণ :

উপজেলা শিক্ষা অফিসার (সকল),.....

অনুলিপি :

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ৫। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/চট্টগ্রাম/ঢাকা/ময়মনসিংহ)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) [বিষয়টি জেলার মাসিক সমন্বয় সভায় এজেণ্ডাভুক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৭। অফিস কপি।